সমকাল

তারিখ ২২ DEC 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৬

কক্সবাজারে আন্তর্জাতিক সম্মেলন

# নতুন জ্ঞান ও প্রযুক্তি রফতানি করতে চাই : শিক্ষামন্ত্রী

■ কক্সবাজার অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আধুনিক ও উন্নত বাংলাদেশ গড়তে আমরা এগিয়ে যাচ্ছি। এজন্য শিক্ষা-গবেষণার গুণগত মান রক্ষায় আমরা সার্বিক প্রচেষ্টা অব্যাহত রেখেছি। নতুন জ্ঞান সৃষ্টি ও নতুন প্রযুক্তি উদ্ভাবন করে আমরা নিজেদের সমস্যা সমাধানের পাশাপাশি বিদেশেও নতুন জ্ঞান ও নতুন প্রযুক্তি রফতানি করতে চাই।

গতকাল বুধবার কক্সবাজারের একটি হোটেলে আয়োজিত 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভান্সেস ইন সিভিল ইঞ্জিনিয়ারিং' শীর্ষক তৃতীয় আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## নতুন জ্ঞান ও প্রযুক্তি

[১৯ পৃষ্ঠার পর]

উদ্যোগে এ সম্মেলনের আয়োজন করা হয়। তিন দিনব্যাপী এ সম্মেলন শেষ হবে আগামী ২৩ ডিসেম্বর। এতে অংশগ্রহণ করেছেন দেশি-বিদেশি ১৪৮ জন সিভিল ইঞ্জিনিয়ার।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, বৈশ্বিক সমস্যা বিবেচনায় আমাদের টেকসই উন্নয়ন ব্যবস্থা গড়ে তুলতে হবে। গ্রিন প্রোডাক্ট ব্যবহার করে পরিবেশের ক্ষতি কমাতে হবে। সৃষ্টিশীল উদ্ভাবনের মাধ্যমে টেকসই ভবিষ্যৎ গড়তে সিভিল ইঞ্জিনিয়ারদের ভূমিকা গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, চুয়েটের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম এবং দি ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ-এর সভাপতি প্রকৌশলী মো. কবির আহমদ ভূঞা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ও সম্মেলনের সভাপতি অধ্যাপক ড. মো. আবদুর রহমান ভূঁইয়া। শুভেচ্ছা বক্তব্য রাখেন ভারতের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি বম্বে-র অধ্যাপক ড. দীপঙ্কর চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন সম্মেলনের সদস্য সচিব ও চুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. ফারাজানা রহমান যূথী।